

ব্র্যাক ইউনিভার্সিটিতে চিত্রকর্ম ও আলোকচিত্র প্রদর্শনী সম্পন্ন

ব্র্যাকইউ প্রতিনিধি

১৪ জুন ২০১৯, ১৪:১৮



ব্র্যাক ইউনিভার্সিটিতে দুই দিনব্যাপী 'চিত্রকর্ম এবং আলোকচিত্র প্রদর্শনী' সম্পন্ন হয়েছে। গেল মঙ্গলবার (১১ জুন) বিশ্ববিদ্যালয়ের মিলনায়তনে এ প্রদর্শনীর আয়োজন করে ব্র্যাক ইউনিভার্সিটি আর্ট অ্যান্ড ফটোগ্রাফি সোসাইটি।

এ দিন ক্লাবের উপদেষ্টা আবদুল্লাহ আল মামুন এ প্রদর্শনী উদ্বোধন করেন এবং ইউনিভার্সিটি আর্ট ও ফটোগ্রাফি সোসাইটির পরিবারের একসঙ্গে পথচলার বছর পূর্তি উদযাপন করেন। এ সময় সম্মানিত অতিথি হিসেবে বিখ্যাত চিত্রশিল্পী কারু তিতাস অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। তিনি শিক্ষার্থীদের চিত্রকর্ম এবং ছবি দেখে প্রশংসা করেন।

ART & PHOTOGRAPHY EXHIBITION '19



প্রায় ১৪০ জন শিক্ষার্থীর ৩৫০টিরও বেশি জমা হওয়া চিত্রকর্ম ও আলোকচিত্র থেকে বাছাই করা সেরা ছবি ও শিল্পকর্ম প্রদর্শনীতে স্থান করে নেয়। বিভিন্ন বিষয়ের ওপর আলোকপাত করা চিত্রকর্ম এবং ছবিগুলো সবার নজর কেড়ে নেয়।

প্রদর্শনীটি অনন্য সাজসজ্জার জন্য দর্শকদের কাছ থেকে ইতিবাচক প্রতিক্রিয়া পেয়েছে। তারা প্রদর্শিত চিত্রকর্ম এবং ছবি পছন্দ করেছে এবং এই কাজগুলোতে শিল্পীদের আবেগ এবং উৎসর্গ প্রশংসিত হয়।



দুই দিনব্যাপী চিত্রকর্ম এবং আলোকচিত্র প্রদর্শনীর শেষ দিন উপস্থিত ছিলেন ঢক গ্যালারির চিত্রশিল্পী হাহিবুল হক। আর্ট এবং ফটোগ্রাফি ক্লাবের একসঙ্গে পথচলার এক বছর পূর্তি উপলক্ষে প্রদর্শনীতে একটি প্রচারমূলক ভিডিও দেখানো হয়।